বাংলা

ব্রিটিশ লাইব্রেরী সম্পর্কে তথ্য

আমরা কি কি করি?

ব্রিটিশ লাইব্রেরী হল ইউনাইটেড কিংডমের জাতীয় লাইব্রেরী। এই লাইব্রেরী সুদীর্ঘ 250 বছর ধরে বইপত্র ও তথ্যাদি সংগ্রহ করে আসছে। তাছাড়া ব্রিটেনে ও আয়ারল্যান্ডে যা কিছুই প্রকাশ করা কোন না কেন তার একটি কপি আমাদের কাছে আসে। সুতরাং বলতে পারেন যে আমরা দেশের স্মৃতিকথাগুলোর একটি বিরাট অংশ সংরক্ষণ করি। আমরা বিশ্বের বিভিন্ন দেশে প্রকাশিত গুরুত্বপূর্ণ বই পুস্তকও ক্রয় করি। আমাদের সংগ্রহে জানা অধিকাংশ ভাষারই বই পুস্তকই রয়েছে।

ভ্রমন করার মত ব্রিটিশ লাইব্রেরী একটি আকর্ষণীয় স্থান। সেইন্ট প্যানক্রাজ (St Pancras)-এ অবস্থিত আমাদের অপূর্ব প্রধান লাইব্রেরীটি ভ্রমণ পিপাষূদের জন্য সমৃদ্ধ ও আকষর্ণীয় একটি জায়গা। এটি সপ্তাহের সাত দিনই খোলা থাকে। আমাদের দোকান, রেস্টুরেন্ট এবং ক্যাফেগুলোতে আমরা সকলকেই স্বাগত জানাই। তাছাড়া প্রতিদিনই প্রদর্শনী, জীবন্ত অনুষ্ঠান, আমাদের কাছে সংরক্ষিত মূল্যবান সামগ্রীর গ্যালারির আয়োজন থাকে যা বিনামূল্যে দেখতে পারবেন। বিস্তারিত জানার জন্য আমাদের *একজিবিশন এন্ড ইভেন্ট্স* (*Exhibitions and Events*) নামের তথ্যপত্রটি পড়ে নিন নতুবা নিচের ওয়েবসাইটে যান:
www.bl.uk/onlinegallery/whatson/whatson.html

আমাদের লাইব্রেরীতে রয়েছে ঐতিহাসিক ও বিখ্যাত বইপত্র ও তথ্যাদি যেমন রয়েছে *ম্যাগনা কার্টা, আদালতে বিচারকালীন নেলসন ম্যান্ডেলার ভাষণ, লিওনার্দো দ্যা ভিঞ্চির নোট বই এবং বিটোলসের গানের পান্ডুলিপি। ঐতিহাসিক দলিলপত্র এবং সাহিত্য প্রদর্শনী দেখা এবং আমাদের রিডিং রুমগুলো মহৎ গবেষণাপত্রগুলো দেখা ও পড়ার জন্য বিশ্বের সকল দেশ থেকে লোকরা আসেন।*

আমাদের লাইব্রেরী কারা ব্যবহার করতে পারবেন?

লাইব্রেরীতে যে কোনো কেউ আসতে পারেন এবং আমাদের প্রদর্শনীগুলো উপভোগ করতে ও জনসাধারণের জন্য উম্মুক্ত অনুষ্ঠানগুলোতে যোগ দিতে পারেন। তবে আমাদের রিডিং রুমগুলোর বইপত্র বা দলিলপত্র পড়তে বা দেখতে চাইলে আপনাকে একটি রিডার পাস (Reader Pass) এর জন্য নাম রেজিস্টার করে নিতে হবে। অনুগ্রহ করে জেনে রাখুন যে, রিডিং রুমগুলোতে প্রবেশাধিকার পাওয়া এবং সেখানে থাকার সময়ের পরিমাণ আপনার গবেষণার প্রকৃতির উপর নির্ভর করবে। আমাদের সেবাগুলোর চাহিদা ব্যাপক। তাই প্রবেশের গ্যারান্টি আমরা দিতে পারব না। আমরা ব্রিটিশ লাইব্রেরীতে সংরক্ষিত বই পুস্তক দেখার বা পড়ার নির্দিষ্ট ধরনের প্রয়োজনের উপর ভিত্তি করে রিডার পাস প্রদান করবো। অন্য কোনো লাইব্রেরী বা তথ্যসূত্র আপনার তথ্য সন্ধানের জন্য অধিকতর যথাযথ হতে পারে। এইরূপ অবস্থায় লাইব্রেরীর কর্মীরা আপনাকে সেগুলোর ব্যাপারে পরামর্শ দেবেন।

পাস (Pass) এর জন্য নাম রেজিস্টার করার আগে আমার কি কি জানা প্রয়োজন?

ব্রিটিশ লাইব্রেরী অন্য যে কোনো পাবলিক বা ইউনিভার্সিটি লাইব্রেরী থেকে অনেকটা ভিন্ন ধরনের:

- ব্রিটিশ লাইব্রেরীর উম্মুক্ত শেলফগুলোতে শুধুমাত্র রেফারেন্স বই, সমসাময়িক বিজ্ঞান ও ব্যবসা বাণিজ্য বিষয়ক বইপত্র থাকে এবং এগুলো শুধুমাত্র রিডিং রুমগুলোর উম্মুক্ত শেলফগুলোতে থাকে।

- লাইব্রেরীর অধিকাংশ সামগ্রী স্টোরে রাখা হয়। রিডিং রুমগুলোতে কোনো সামগ্রী সরবরাহ করতে 70 মিনিট (রিডিং রুমের সামগ্রী) এবং ৪৮+ ঘন্টা (স্টোর থেকে রিডিং রুমে) সময় লাগে এবং তা নির্ভর করে অনুরোধকৃত সামগ্রীটি কোথায় রাখা আছে তার উপর।

- লাইব্রেরীতে রাখা কোনো সামগ্রী একই দিনে চাইলে সেদিন 16.00 ঘটিকার আগে অনুরোধ করতে হবে।

- রিডার পাসের জন্য রেজিস্টার করার আগে ইন্টারনেটে www.bl.uk ওয়েবসাইটে গিয়ে লাইব্রেরীর ক্যাটালগ (সামগ্রীর তালিকা) দেখে নিলে আপনার জন্য তা সাহায্যকর হবে। এতে আগেভাগেই জেনে নিতে পারবেন আপনার প্রয়োজনীয় সামগ্রীটি লাইব্রেরীতে আছে কি না। যে সামগ্রীটি দেখতে বা পড়তে চান সেটির বিস্তারিত অপনার সাথে করে নিয়ে আসতে ভুলে যাবেন না।

- লাইব্রেরীতে একাধিক পাঠ্য বই থাকে না। তাই ইউনিভার্সিটির কৌর্সওয়ার্কের জন্য এ লাইব্রেরী সাধারণত উপযুক্ত নয়।

- সাধারণত আমরা 18 বছরের নিচের বয়সের কাউকে প্রবেশ করতে দেই না। তবে নির্দিষ্ট কোনো সামগ্রী অন্য লাইব্রেরীতে না থাকার কারণে তা এখানে দেখা বা পড়ার সুস্পষ্ট প্রয়োজনের ক্ষেত্রে আমরা অনুমতি দিতেও পারি। www.bl.uk ওয়েবসাইটে গিয়ে বিস্তারিত জেনে নিন।

- আমাদের রিডিং রুমগুলো থেকে কোনো সামগ্রী ধার নিতে পারবেন না।

রিডার পাস এর জন্য যে ভাবে নাম রেজিস্টার করবেন

সেইন্ট প্যানক্রাজে অবস্থিত আমাদের প্রধান লাইব্রেরীর আপার গ্রাউন্ড ফ্লোর (Upper Ground Floor)-এ আসুন এবং সেখানে কম্পিউটার ভিত্তিক একটি দরখাস্ত ফর্ম পূরণ করুন। আপনার দরখাস্তের সমর্থন স্বরূপ যে কোনো কিছু যেমন বিজনেস কার্ড, প্রোফেশন্যাল মেম্বারশিপ কার্ড, অথবা আপনি যে সামগ্রী দেখতে বা পড়তে চান সেটির বৃত্তান্ত সাথে করে নিয়ে আসবেন।
আপনার দস্তখত রয়েছে এমন যে কোনো পরিচয়পত্র ও ঠিকানার প্রমাণস্বরূপ কাগজপত্র অবশ্যই সাথে করে নিয়ে আসতে হবে।
আপনার প্রয়োজনের উপর ভিত্তি করে আপনার পাস এক মাস থেকে তিন বছর পর্যন্ত যে কোনো একটি সময়কালের জন্য বৈধ থাকবে। সুস্পষ্ট প্রয়োজন না থাকলে ব্যক্তিগত তথ্য অনুসন্ধানকারীদেরকে আমরা সাধারণত তিন মাসের বেশি পাস প্রদান করি না। লাইব্রেরীর শর্তগুলো মেনে চলার সাপেক্ষে রিডার পাস প্রদান করা হয়। শর্তাবলী রিডার রেজিস্ট্রেশন বিভাগে এবং আমাদের ওয়েবসাইটে পাবেন। মনে রাখবেন যে ব্যবহারের শর্তাবলী ভঙ্গ করলে আপনার রিডার পাস বাতিল করে দেওয়া হতে পারে।

- **পরিচয়পত্র এবং ঠিকানার প্রমাণ**
 রিডার হিসাবে রেজিস্টার করতে হলে, অথবা রিডার পাস নবায়ন করতে বা নতুন পাস নিতে হলে **দুই** ধরনের পরিচয়পত্র দেখাতে হবে। একটিতে আপনার দস্তখত থাকতে হবে এবং অন্যটিতে আপনার ঠিকানার প্রমাণ থাকতে হবে। আমাদেরকে অবশ্যই মূল (অরিজিন্যাল) কাগজপত্র দেখাতে হবে। আমরা ফটোকপি, ফ্যাক্স, ইন্টারনেটে বা শাখা অফিসে কম্পিউটারে ছাপাকৃত কাগজপত্র গ্রহণ করি না।
 অনুগ্রহপূর্বক জেনে রাখুন যে, গ্যাস বিল বা ইলেকট্রিসিটি বিল, ব্যাংক/বিল্ডিং সোসাইটির স্টেইটমেন্ট, ক্রেডিট কার্ড স্টেইটমেন্ট, এইচ.এম.রেভিনিউ এন্ড কাস্টমসের স্টেইটমেন্ট, স্টেইট পেনশন বুকস, বেনিফিট/ফ্যামিলি ক্রেডিট বুকস বা পে স্লিপ **তিন মাসের আগের হতে পারবে না**।
 উভয় ধরনের পরিচয়পত্র ছাড়া আমরা রিডার পাস প্রদান করি না। এ ক্ষেত্রে আমরা কোনো ধরনের ছাড় দেই না বা ব্যতিক্রম করি না। পরিচয়পত্র দেখানোর উপরোক্ত শর্তাবলীতে পরিবর্তন আনা হতে পারে। এ ব্যাপারে কোনো কিছু ভাল করে না বুঝলে অনুগ্রহ করে reader-registration@bl.uk ঠিকানায় ইমেইল পাঠান। উভয় ধরনের পরিচয়ের কাগজপত্রের উদাহরণ নিচে দেওয়া হল:

আপনার ঠিকানার প্রমাণ। **এর প্রমাণস্বরূপ আপনাকে নিচের যে কোনো একটি দেখাতে হবে এবং তাতে আপনার নাম ও ঠিকানা অবশ্যই লেখা থাকতে হবে**	**+**	**আপনার পরিচয়ের প্রমাণ (দস্তখত সহ)।** **আপনাকে নিচের যে কোনো একটি দেখাতে হবে এবং তাতে আপনার দস্তখত অবশ্যই থাকতে হবে:**

ইউটিলিটি বিল (গ্যাস, ইলেকট্রিসিটি, টেলিফোন, পানির বিল) ব্যাংক.বিল্ডিং সোসাইটির স্টেইটমেন্ট (অনলাইন বা ব্যাকের শাখায় কম্পিউটারে মুদ্রিত স্টেইটমেন্ট গ্রহণযোগ্য নয়) ক্রেডিট কার্ড স্টেইটমেন্ট কাউন্সিল ট্যাক্স বিল/কাউন্সিলের রেন্ট বুক এইচ.এম রেভিনিউ এন্ড কাস্টমসের স্টেইটমেন্ট স্টেইট পেনশন বুক বেনিফিট/ফ্যামিলি ক্রেডিট বুক পাসপোর্ট (যেটিতে পাসপোর্ট কর্তৃপক্ষ ঠিকানা লিখেছেন)* ঠিকানা সহ ন্যাশন্যাল আইডেন্টি কার্ড* ঠিকানা সহ ড্রাইভিং লাইসেন্স* হোম অফিস কর্তৃক এদেশে থাকার অনুমতিপত্র আবাসিক হলে থাকার ব্যাপারে ইউনিভার্সিটির সার্টিফিকেট (প্রতিষ্ঠানের সিলমোহর ও সই থাকতে হবে) টিভি লাইসেন্স আগ্নেয়াস্ত্রের লাইসেন্স হোম ইন্সুরেন্স পলিসি পে স্লিপ (চাকুরী কর্তৃপক্ষের ও চাকুরীজীবির ঠিকানা লেখা থাকতে হবে)		পাসপোর্ট* ড্রাইভিং লাইসেন্স* ব্যাংক কার্ড ক্রেডিট কার্ড ন্যাশন্যাল আই.ডি কার্ড* পুলিশ/কাস্টমস/হোম অফিস/ওয়ারেন্ট কার্ড সি/এয়ার মাস্টার লাইসেন্স

- উপরে উল্লেখিত কোনো একটি কাগজ হয় ঠিকানার প্রমাণস্বরূপ **নতুবা** পরিচয়ের প্রমাণ হিসাবে ব্যবহার করতে পারবেন। একই জিনিষ উভয়টির জন্য ব্যবহার করতে পারবেন না। অনুগ্রহপূর্বক জেনে রাখুন যে, কিছু ড্রাইভিং লাইসেন্সে এবং ন্যাশন্যাল আইডেন্টি কার্ডে ঠিকানা লেখা থাকে না। আর তাই আমরা ওগুলো গ্রহণ করতে পারবো না। অনুগ্রহ করে আরো জেনে রাখুন যে প্রয়োজনীয় ক্ষেত্রে বিদেশী ভাষায় লেখা কাগজপত্রের অনুবাদ প্রদান করার দায়িত্ব আপনার।

রিডিং রুমের শর্তাবলী:

অনুগ্রহপূর্বক জেনে রাখুন যে আপনি রিডিং রুমগুলোর শর্তাবলী মেনে চলতে বাধ্য থাকবেন। লিখিত শর্তাবলী রিডার রেজিস্ট্রেশন বিভাগে এবং এই ওয়েবসাইটে পাবেন: www.bl.uk

রিডার রেজিস্ট্রেশন খোলার সময়সূচী:

সোম	মঙ্গল	বুধ	বৃহস্পতি	শুক্র	শনি	রবিবারে এবং ইংল্যান্ডের সরকারী ছুটির দিনগুলোতে
09.30 - 18.00	09.30 - 20.00	09.30 - 18.00	09.30 - 18.00	09.30 - 16.30	09.30 - 16.30	বন্ধ

অনুগ্রহপূর্বক অফিস বন্ধ হওয়ার কমপেক্ষ 15 মিনিট আগে আসবেন।

সেইন্ট প্যানক্রাজ রিডিং রুমগুলো খোলার সময়সূচী:

রবিবারে এবং ইংল্যান্ডের সরকারী ছুটির দিনগুলোতে রিডিং রুমগুলো বন্ধ থাকে।

	সোম	মঙ্গল	বুধ	বৃহস্পতি	শুক্র	শনি	রবিবারে এবং ইংল্যান্ডের সরকারী ছুটির দিনগুলোতে
বিজনেস এন্ড আই.পি সেন্টার, হিউম্যানিটিজ বিরল বইপত্র এবং সঙ্গীত, বিজ্ঞান, সমাজ বিজ্ঞান	10.00 - 20.00	09.30 - 20.00	09.30 - 20.00	09.30 - 20.00	09.30 - 17.00	09.30 - 17.00	**বন্ধ**
এশিয়ান ও আফ্রিকান স্টাডিজ, মানচিত্র, পান্ডুলিপি	10.00 - 17.00	09.30 - 17.00	09.30 - 17.00	09.30 - 17.00	09.30 - 17.00	09.30 - 17.00	**বন্ধ**

প্রদর্শনী গ্যালারি এবং দোকান খোলার সময়সূচী:

সোম	মঙ্গল	বুধ	বৃহস্পতি	শুক্র	শনি	রবিবারে এবং ইংল্যান্ডের সরকারী ছুটির দিনগুলোতে
09.30 - 18.00	09.30 - 20.00	09.30 - 18.00	09.30 - 18.00	09.30 - 18.00	09.30 - 17.00	11.00 - 17.00

উল্লেখিত প্রতিটি সময় ইউ.কে-র স্থানীয় সময়।

লাইব্রেরীতে আসার উপায়

ট্রেইনে (BR logo) নিকটতম রেইল স্ট্যাশনগুলো হল সেইন্ট প্যানক্রাজ ইন্টারন্যাশন্যাল, কিংস ক্রস এবং ইউস্টন।

(Tube logo) নিকটতম আন্ডারগ্রাউন্ড স্ট্যাশনগুলো হলো কিংস ক্রস সেইন্ট প্যানক্রাজ, ইউস্টন এবং ইউস্টন স্কোয়ার।

বাসে 10, 30, 73, 91, 390 এবং 476 নম্বর বাসগুলো লাইব্রেরী বিল্ডিং এর পাশে থামে।

কারে/মোটরবাইকে/বাইসাইকেলে

নিকটতম কার পার্ক মার্চমন্ট স্ট্রিট (Marchmont Street) ও জাড স্ট্রিট (Judd Street)-এ অবস্থিত। ওসাল্টন স্ট্রিট (Ossulton Street)-এ মিটার যুক্ত পার্কিং রয়েছে। আমাদের লাইব্রেরী চত্বরে বাইসাইকেল রাখার ছাউনি রয়েছে।

www.bl.uk
টেলিঃ +44 (0)870 444 1500